# আমি তাওবা করতে চাই . . কিন্তু !

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

পেশ কালাম

সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর জন্য যিনি অতীব দয়ালু, বেশী বেশী তাওবা কবুলকারী, সঠিক পথের দিশাদাতা, গুনাহ মাফকারী এবং ওযর গ্রহণকারী, কঠিন শাস্তিদাতা। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন সত্য ইলাহ নেই। তিনি একক এবং তাঁর কোন শরীক নেই। তাঁরই জন্য সমস্ত রাজত্ব এবং তিনিই রুজিদাতা। এবং আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও রাসূল। মহান আল্লাহ তাঁর প্রতি, তাঁর পরিবারবর্গের প্রতি এবং তাঁর সমস্ত সাহাবার প্রতি অসংখ্য দরুদ ও সালাম বর্ষণ করুন। অতঃপর:

আমি তাওবা সংক্রান্ত লিখা এ বইটি পড়েছি যা খুবই মূল্যবান এবং উপকারী। লেখক এতে তাওবার শর্তাবলী, এর প্রমাণাদি এবং তাওবাকারীদের বিভিন্ন অবস্থার বিশদ বর্ণনা দিয়েছেন এবং অনেক গুনাহের উল্লেখ করেছেন যা থেকে তাওবা করা জরুরী। এজন্য আমি সকল গুনাহগারকে -আমরা সবাই গুনাহগার- অনুরোধ করছি এ শিক্ষাকে বাস্তবায়ন করার এবং দ্রুত তাওবার পানে ধাবিত হবার জন্য। আমাদের সবাইকে এ কথা স্মরণ রাখতে হবে যে, মহান প্রভু তার বান্দার তাওবা কবুল করবেন এবং গুনাহ-খাতা মাফ করে দিবেন। বান্দা যেন তার রবের রহমতের ব্যাপারে আশাবাদী হয় এবং এ বিশ্বাস পোষণ করে যে, তিনি তাকে সৎ আমলের ব্যাপারে সাহায্য করবেন এবং তার পথে চলতে সহায়তা করবেন। তাকে পাপ পরিত্যাগ করতে এবং পাপীদের সংশ্রব থেকে দূরে থাকতে সাহায্য করবেন।

মহান আল্লাহ আমাদের সকলকে কল্যাণের পথে চলার তাওফীক দান করেন, আমাদের ভাই লেখককে এ কাজের প্রতিফল দান করেন এবং এর দ্বারা মুসলমান ভাইদেরকে উপকৃত করেন। আমাদের নবী হযরত মুহাম্মদ এর প্রতি তাঁর পরিবার এবং সাহাবাদের প্রতি মহান আল্লাহ দরুদ ও সালাম বর্ষণ করুন। আ-মী-ন ।

### আব্দুল্লাহ বিন আবদুর রহমান আল-জিবরীন

তারিখ: ১১/০৭/১৪১০ হিজরী

Source — https://www.hadithbd.com/books/link/?id=3816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন